



## প্রেস বিজ্ঞপ্তি

### নবনিযুক্ত শিক্ষামন্ত্রীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ফুলের শুভেচ্ছা প্রদান

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১২ জানুয়ারি ২০২৪খ্রিঃ

জনাব মহিবুল হাসান চৌধুরী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী হিসেবে দায়িত্ব পাওয়ায় তাঁকে ফুলের শুভেচ্ছা প্রদান করে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রু.দা.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া।

১২ জানুয়ারি ২০২৪ তারিখ অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া, উপাচার্য (রু.দা) সৌজন্য স্বাক্ষর করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে মাননীয় শিক্ষামন্ত্রীকে এ শুভেচ্ছা প্রদান করেন। সৌজন্য স্বাক্ষরকালে উপাচার্য মহোদয় বলেন, আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলায় মানসম্মত শিক্ষাব্যবস্থা, দক্ষ ও স্মার্ট জনগোষ্ঠী তৈরির কোন বিকল্প নেই। নবনিযুক্ত মাননীয় শিক্ষামন্ত্রীর যুগোপযোগী পদক্ষেপ ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন সাধিত হবে বলে আশা প্রকাশ করেন উপাচার্য মহোদয়।

উপাচার্য মহোদয় জনাব মহিবুল হাসান চৌধুরী দীর্ঘায়ু ও সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়